

উদ্বোধন হলো 'মেয়র আনিসুল হক সড়ক'

প্রকাশিত: ডিসেম্বর ০১, ২০১৮ প্রিন্ট



অনলাইন রিপোর্টার || ঢাকা উত্তর সিটি করপোরেশনের (ডিএনসিসি) প্রয়াত সাবেক মেয়র আনিসুল হকের নামে সড়ক উদ্বোধন করা হয়েছে। শনিবার (০১ ডিসেম্বর) এক অনুষ্ঠানের মাধ্যমে রাজধানীর সাতরাস্তা থেকে তেজগাঁও রেললাইন পর্যন্ত সড়কটির নাম রাখা হয় 'মেয়র আনিসুল হক সড়ক'।

উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন প্রয়াত মেয়র আনিসুল হকের সহধর্মিণী রুবানা হক, ছেলে নাভিদুল হক, ডিএনসিসি'র ভারপ্রাপ্ত মেয়র জামান মোস্তাফা, সাবেক সেনাপ্রধান আবু বেলাল মোহাম্মদ শফিউল হক, ডিএনসিসি'র প্রধান নির্বাহী মেজবাহুল হক, বিভিন্ন কাউন্সিলর, ট্রাক-কাভার্ড মালিক শ্রমিক নেতা প্রমুখ।

সড়ক উদ্বোধন শেষে আনিসুল হকের প্রথম মৃত্যুবার্ষিকী উপলক্ষে এক দোয়া মাহফিল অনুষ্ঠানের আয়োজন করা হয়।